সমকাল

তারিখ ..28 JUL 2015...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ১-৫ ...

### বেসরকারি বিশ্ববিদ্যালয়

# স্থায়ী ক্যাম্পাস নির্মাণে চাপ দেবে সরকার

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে দ্রুত তাদের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা করে সেখানে স্থানান্তর করতে চাপ দেবে সরকার। এ জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) বিশেষ দায়িত্ব দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ নিয়ে গতকাল সোমবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান একান্ত বৈঠক করেন। পরে ইউজিসির তিন কর্মকর্তা ও শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে শিক্ষামন্ত্রী প্রায় সোয়া ঘণ্টাব্যাপী সভা করেন।

ওই সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১৩ আগস্ট বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান ও ভিসিদের নিয়ে বৈঠক করবে ইউজিসি। গতকালের সভায় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০-এর বিধিবিধান মেনে সব অবৈধ আউটার ক্যাম্পাস বন্ধের জন্য আবারও তাগিদ দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভা সূত্রে এসব তথ্য জানা গেছে।

পৃথক এ দুটি বৈঠকে গতকাল দেশের প্যাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি বিশেষ-করে বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর স্থায়ী ক্যাম্পাসে যেতে অবৈধ ক্যাম্পাস বন্ধ করা নিয়ে আলোচনা হয়েছে। যে সব বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও স্থায়ী ক্যাম্পাসে যেতে পারেনি তাদের ব্যাপারে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে এবং অবৈধ আউটার ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে আলোচনা হয়েছে বৈঠকে।